তারিখ ...২৩ JUL 2016...
পৃষ্ঠা ...১১... কলাম ...৪...

সংবাদ

### দরগ্রাম সরকারি ভিকু মেমোরিয়াল কলেজ

# মানিকগঞ্জে ভর্তিতে অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ

**প্রতিনিধি, মানিকগঞ্জ**

মানিকগঞ্জের সাটুরিয়া উপজেলার দরগ্রাম সরকারি ভিকু মেমোরিয়াল কলেজের একাদশ শ্রেণীতে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের কাছ থেকে শিক্ষা বোর্ডের নির্ধারিত ফ্রি-এর বাইরে অতিরিক্ত ২০০ টাকা করে আদায় করেছে কলেজ কর্তৃপক্ষ। ভর্তি ফরম ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বাবদ ৭৫০ জন শিক্ষার্থীর কাছ থেকে আদায় করা হচ্ছে অতিরিক্ত ১ লাখ ৫০ হাজার টাকা। ভর্তি বাণিজ্য বন্ধে সরকারের কঠোর নির্দেশনা থাকলেও তা মানছে না কলেজ কর্তৃপক্ষ।

কলেজ সূত্রে জানা যায়, দরগ্রাম সরকারি ভিকু মেমোরিয়াল কলেজের একাদশ শ্রেণীতে মোট আসন সংখ্যা ৭৫০। এর মধ্যে বিজ্ঞান বিভাগে ১৫০টি, ব্যবসায় শিক্ষা বিভাগে ১৫০টি এবং মানবিক বিভাগে ৪৫০টি আসন রয়েছে। ৩টি গ্রুপের প্রত্যেক ছাত্রের কাছ থেকে রশিদ কেটে ফরম সংগ্রহ ও বোর্ড কর্তৃক নিধারিত ফি মিলে ২৯৩৫ টাকা ও ছাত্রীর কাছ থেকে ২৬৯৫ টাকা করে আদায় করা হচ্ছে। কলেজ কর্তৃপক্ষ বলছে শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নির্দেশানুযায়ী বিভিন্ন ফি মিলে ছাত্রদের নিকট থেকে ২৭৩৫ টাকা আর ছাত্রীদের নিকট থেকে ২৪৯৫ টাকা আদায় করার নির্দেশ দেয়া হয়েছে।
মানবিক বিভাগে ভর্তি হতে আসা বাদশা মিয়া নামের এক শিক্ষার্থী জানান, প্রথমে ২০০ টাকা দিয়ে রশিদ কেটে ফরম সংগ্রহ করেছি ও পরে নির্ধারিত ২৭৩৫ টাকা কলেজে জমা দিয়েছি।

এ ব্যাপারে কলেজ অধ্যক্ষ আবুল ইসলাম শিকদার জানান, একাদশ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফি নিয়েই শিক্ষার্থীদের ভর্তি করা হচ্ছে। তবে কলেজের পরিষ্কার-পরিচ্ছন্নতা ও কম্পিউটারে মডেম চার্জ বাবদ ২০০ টাকা অতিরিক্ত টাকা নেয়া হচ্ছে।